



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd



বিষয়ঃ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/ সংস্থার ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোছাঃ নূরজাহান খাতুন
যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
স্থান : সভাকক্ষ
তারিখ : ১৯.১২.২০২২
সময় : দুপুর ২:৩০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ: স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট-ক)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভাকে অবহিত করেন যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হলো নাগরিক অর্থাৎ সেবাগ্রহীতা ও সেবাপ্রদানকারী দপ্তর/সংস্থার মধ্যকার একটি চুক্তি (Agreement) যা সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও শৃংখলা আনয়ন করে। সেবা সংক্রান্ত সকল তথ্য নাগরিকের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকের অংশীদারিত্ব বৃদ্ধি এবং সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জবাবদিহিতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সেবাসমূহ কার্যকরভাবে প্রদানের অধিকতর ধারণা প্রদান ও দক্ষতা বৃদ্ধি বিষয়ক কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে তা বাস্তবায়নে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সদস্য ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রোগ্রামার প্রকৌশলী মুঃ শহীদুল ইসলাম সভায় মন্ত্রিপরিষদ বিভাগের ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ও নির্দেশিকা নিয়ে আলোচনা করেন। সভায় প্রত্যেক দপ্তরের ফোকাল পার্সনদের কাছে স্ব স্ব দপ্তরের অগ্রগতি জানতে চাওয়া হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র বাস্তবায়ন অগ্রগতি জেনে সভাপতি মহোদয় ধন্যবাদ জ্ঞাপন করেন এবং দপ্তর/সংস্থা থেকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের সভায় উপস্থিত হওয়ার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- (ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী দপ্তর/ সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিকল্পনা ২০২২-২৩ যথাসময়ে যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিতপূর্বক প্রতি কোয়ার্টার শেষে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- (খ) মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) নিয়মিত ওয়েবসাইটে হালনাগাদ করতে হবে; এবং
- (গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সভায় মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তা উপস্থিত থাকতে হবে।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

২১/১২/২০২২ ইং

(মোছাঃ নূরজাহান খাতুন)

যুগ্মসচিব


প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

নম্বর ৩৮.০০.০০০০.০০২.৩৪.০০১.২২-১৮৭৭

তারিখঃ ০৬ পৌষ ১৪২৯
২১ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৬. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (প্রশাসন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. অফিস কপি।



(ড. বিলকিস বেগম)

উপসচিব

ফোনঃ ৫৫১০০৯২৮

ই-মেইল: dsad2@mopme.gov.bd